



COVID-19: NSW-এ পরিবার এবং ক্লোজ কন্টাক্টসদের জন্য নতুন নিয়ম

আপনি যদি পরিবারের কেউ একজন বা ক্লোজ কন্টাক্টস হন এবং আপনার কোনো COVID-19 এর উপসর্গ না থাকে, তাহলে আপনাকে সেক্স-আইসোলেট করতে হবে না, তবে আপনাকে অবশ্যই NSW Health-এর নির্দেশিকা অনুসরণ করতে হবে:

- হাসপাতাল এবং বৃদ্ধাশ্রমের মতো উচ্চ-ঝুঁকিপূর্ণ স্থানে যাবেন না
- সম্ভব হলে বাড়ি থেকে কাজ বা পড়াশোনা করুন। আপনি যদি কর্মক্ষেত্রে বা স্কুলে যেতে চান তাহলে আপনার নিয়োগকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠানের কাছ থেকে অনুমোদনের প্রয়োজন হবে
- আপনার বয়স ১২ বছরের বেশি হলে আভ্যন্তরীণ স্থানে মাস্ক পরুন। আপনার নিজের বাড়িতে মাস্ক পরতে হবে না
- আপনি যাদের সাথে থাকেন না তাদের সাথে বড় বা জনাকীর্ণ আভ্যন্তরীণ স্থানে জমায়েত এড়িয়ে চলুন। আপনার যদি সেখানে যাওয়ার প্রয়োজন হয়, যাওয়ার আগে একটি র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা করুন

আপনার পরিবারের কোনও সদস্যের শেষবারের মত যেদিন COVID-19 পজিটিভ ধরা পরে সেদিন থেকে পরবর্তী ৭ দিনের জন্য নিয়মগুলো অনুসরণ করুন

আপনার যদি লক্ষণ থাকে বা দেখা দেয়, তাহলে আপনাকে অবশ্যই সেক্স-আইসোলেট হতে হবে এবং COVID-19 এর জন্য পরীক্ষা করাতে হবে। পরীক্ষার ফলাফল পজিটিভ হলে NSW Health-এর পরামর্শ অনুসরণ করুন।

পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে, আপনার কোনো রকম লক্ষণ না দেখা পর্যন্ত বাড়িতে থাকুন।

আরও তথ্যের জন্য www.nsw.gov.au/covid-19/management/household-contacts ওয়েবসাইট দেখুন